দৈনিক ইত্তেফাক

MAR. 25 2001

তারিখ ঃ ...
পৃষ্ঠা ৮ কলাম ৭

# বৃত্তি প্রদানের নামে কোমলমতি স্কুল শিক্ষার্থীদের সহিত নিষ্ঠুর প্রতারণা

**ইত্তেফাক রিপোর্ট ॥** কোমলমতি স্কুল ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদানের নাম করিয়া প্রতারণার অভিযোগ উঠিয়াছে। 'কাজী মোমেন স্মৃতি বৃত্তি' গ্রহণের জন্য কয়েকশত ছাত্র-ছাত্রী ও অভিভাবক গতকাল শনিবার মিরপুর ২৭৭, আহমদনগরে মর্নিং স্টার কিন্ডার গার্টেনে গিয়া হতাশ হইয়া ফিরিয়া আসিয়াছে। বৃত্তির উদ্যোক্তাদের কোন পাত্তা পাওয়া যায় নাই। রাজধানীর বিভিন্ন স্কুলের প্রথম হইতে পঞ্চম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদানের উদ্দেশ্যে ডিসেম্বর মাসে পরীক্ষা নেওয়া হয়। একশত টাকা রেজিষ্ট্রেশন ফি দিয়া হাজার হাজার ছাত্র-ছাত্রী বৃত্তি পরীক্ষা দেয়। গত মাসে ফলাফল দেওয়া হয়। প্রতিটি স্কুলের শ্রেণীপ্রতি দুই-তিনজনকে বৃত্তি দেওয়ার জন্য মনোনীত করা হয়। গতকাল বিকালে বৃত্তিপ্রাপ্ত সবাইকে সার্টিফিকেট ও বৃত্তিবাবদ প্রাইজবন্ড আনুষ্ঠানিকভাবে প্রদানের জন্য মর্নিং-স্টার কিন্ডার গার্টেনে উপস্থিত থাকিতে বলা হয়। অনুষ্ঠান দূরের কথা, একটি লোককেও গতকাল সেখানে খুঁজিয়া পাওয়া যায় নাই। কয়েকশত ছাত্র-ছাত্রী অভিভাবকসহ কয়েক ঘন্টা অপেক্ষা করিয়া ফিরিয়া যায়।